

## কৃষি বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥  
সদ্য প্রকাশিত ১৭তম বিসিএস-এর  
নিয়োগ বিজ্ঞপ্তিতে কৃষি ক্যাডারে  
কোন পদ ঘোষণা না দেওয়ার  
প্রতিবাদে গতকাল (বুধবার) কৃষি  
বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-  
ছাত্রীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল  
করিয়া সাংবাদিক সমিতির অফি-  
সের সামনে সংক্ষিপ্ত সমাবেশ  
(২য় পৃ: ৭-এর ক: ড:)

## কৃষি বিশ্ববিদ্যালয়

( শেষ পৃ: পর )

করে। সমাবেশে বক্তাগণ আজ  
(বৃহস্পতিবার) বিক্ষোভ মিছিল,  
স্মারকলিপি প্রদান ও শনিবার  
৪টি কৃষি কলেজসহ বিশ্ববিদ্যা-  
লয়ে পূর্ণদিবস হরতাল পালনের  
কর্মসূচী ঘোষণা করা হয়।  
এগ্রিকালচারিষ্ট এসোসিয়েশন অব  
বাংলাদেশ (এ্যাব) সূত্রে জানা  
যায়, সারাদেশে কৃষি সম্প্র-  
সারণ বিভাগে ১ হাজার ৩৫, ধান  
গবেষণা ইনস্টিটিউটে ৫০, পাট  
গবেষণায় ২০ এবং পানি উন্নয়ন  
বোর্ডে প্রায় ১০০ কৃষিবিদের পদ  
খালি রহিয়াছে। বিসিএস-এর  
বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর হইতে  
ছাত্র-ছাত্রীদের মাঝে চরম উত্তে-  
জনা বিবাজ করিতেছে।

০৪